# ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫ শিক্ষাবর্ষে (জানুয়ারি-ডিসেম্বর) টাঙ্গাইল জেলা সদরস্থ ৩টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে বিভিন্ন শ্রেণিতে শূন্য আসনে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।

| বিদ্যালয়ের নাম | যে শ্রেণিতে ভর্তি করা হবে | আসন সংখ্যা |
|---|---|---|
| বিন্দুবাসিনী সরকারি বালক উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল | ৬ষ্ঠ শ্রেণি | ৩২৩ (প্রভাতি-১৬২, দিবা- ১৬১) |
| | ৭ম শ্রেণি | ০৬ (দিবা- ০৬) |
| বিন্দুবাসিনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল | ১ম শ্রেণি | ১০৫ (প্রভাতি- ৫২, দিবা- ৫৩) |
| | ৬ষ্ঠ শ্রেণি | ১১০ (প্রভাতি-৫৫, দিবা- ৫৫) |
| সন্তোষ ইসলামী বিশ্ববিদ্যালয় সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল | ৬ষ্ঠ শ্রেণি | ৫৫ |
| | ৭ম শ্রেণি | ০৩ |

**অনলাইনে ভর্তি ফরম পূরণের তারিখ, সময় ও নিয়মাবলী :**

- ১২/১১/২০২৪ খ্রি. তারিখ সকাল ১১.০০ টা থেকে ৩০/১১/২০২৪ খ্রি. তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত অনলাইনে https://gsa.teletalk.com.bd এই ওয়েবসাইটে browse করে আবেদন করা যাবে।
- আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ৩০/১১/২০২৪ খ্রি. বিকাল ৫.০০ টার মধ্যে শুধু User ID প্রাপ্ত শিক্ষার্থীগণ ৩০/১১/২০২৪ খ্রি. তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত আবেদন ফি (১১০/- একশত দশ টাকা) জমা দিতে পারবেন।
- আবেদনকারী প্রত্যেক শিক্ষার্থী প্রভাতি ও দিবা উভয় শিফটে আবেদন করতে পারবে। তবে একই বিদ্যালয়ে একই শিফটে/ একই শ্রেণিতে দুইবার আবেদন করতে পারবে না।
- সকল শ্রেণির ভর্তি প্রক্রিয়া অনলাইনে লটারির মাধ্যমে অনুষ্ঠিত হবে। লটারির তারিখ ও সময় পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।
- অনলাইনে আবেদন ফরম পূরন ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলি www.dshe.gov.bd এর secondary circular/order ও www.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

**শিক্ষার্থীর বয়স :** জাতীয় শিক্ষানীতি-২০১০ ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা অনুযায়ী ২০২৫ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ৬+ হতে হবে। তবে কাঙ্খিত শিক্ষাবর্ষের ০১ জানুয়ারি তারিখে সর্বনিম্ন বয়স ০৫ বছর এবং ৩১ ডিসেম্বর তারিখে সর্বোচ্চ বয়স ০৭ বছর পর্যন্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। সে হিসেবে ২য় হতে ৯ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীর ভর্তির বয়স নির্ধারিত হবে। শিক্ষার্থীর বয়স নির্ধারণের জন্য ভর্তির আবেদন ফরমের সাথে অনলাইন জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের বয়স নির্ধারণে সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছরের অতিরিক্ত সুবিধা দেয়া যাবে।

**কোটা :** সর্বশেষ জারীকৃত "সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি নীতিমালা" অনুযায়ী কোটা অনুসরণ করা হবে। সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে মোট আসনের ১০%, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার জন্য ৫%, বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য ২%, শিক্ষা মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য ১%, যমজ ভাই/বোনদের জন্য ৩% ও সহোদর/সহোদরাদের জন্য ২% আসন সংরক্ষিত থাকবে।

**বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন:** www.shed.gov.bd www.dshe.gov.bd, www.tangail.gov.bd www.bbgovghs.edu.bd www.bindubashinigovboysschool.edu.bd

১১/১১/২০২৪

কানিজ সালমা
প্রধান শিক্ষক
বিন্দুবাসিনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল
ও
সদস্য সচিব, ভর্তি কমিটি
টাঙ্গাইল জেলা সদরস্থ ৩ টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়
টাঙ্গাইল